জুলাই-ডিসেম্বর ২০২১

# পরিবেশ ও ক্ষমতায়ন

আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র

## করোনাকালে দরিদ্র দলসদেস্যর মাঝে খাদ্য ও সুরক্ষা সামগ্রী বিতরণ



দেশজুড়ে করোনা ভাইরাস মোকাবেলায় অসহায়, দুস্থ ও হত-দরিদ্র মানুষের মাঝে খাদ্য ও সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে। ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভলপমেন্টের (আইইডি) উদ্যোগে দেশের ৯টি জেলায় এসব সহায়তা দেয়া হয়।

দেশজুড়ে করোনা ভাইরাস মোকাবিলায় অসহায়, দুস্থ ও হত-দরিদ্র মানুষদের মাঝে খাদ্য ও সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে। ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভলপমেন্টের (আইইডি) উদ্যোগে দেশের ৯টি জেলায় ৩৬৯০ পরিবারের মধ্যে এসব সহায়তা দেয়া হয়।

### যশোর

যশোরে এক হাজার অসহায়, দুস্থ ও হত-দরিদ্র মানুষের খাদ্য সহায়তা তুলে দিয়েছে আইইডি। এ সময় জেলা প্রশাসক তমিজুল ইসলাম খান, দৈনিক কল্যাণ সম্পাদক একরাম-উদ-দ্দৌলা, জনউদ্যোগ আহবায়ক প্রকৌশলী নাজির আহমেদ, প্রবীণ সাংবাদিক ও জনউদ্যোগ সদস্য বীর মুক্তিযোদ্ধা রুকুনউদ্দৌলাহ, দৈনিক গ্রামের কাগজের সম্পাদক মবিনুল ইসলাম মবিন, সিপিবি যশোর জেলাকমিটির সভাপতি অ্যাডভোকেট আবুল হোসেন, উদীচী যশোর এর প্রাক্তন সভাপতি সোমেশ মুখার্জী, নারী নেত্রী ও জনউদ্যোগ সদস্য অ্যাড. কামরুন নাহার কনা, আইইডি যশোর কেন্দ্রের ব্যবস্থাপক বীথিকা সরকার, যুব গ্রুপের আহবায়ক আলমগীর কবির আরও অনেকে। মানুষের মাঝে খাদ্য সহায়তা হিসেবে ১০ কেজি চাল, ১ কেজি মসুর ডাল, ১ লিটার সয়াবিন তেল, ২ কেজি আলু, ১ কেজি পেঁয়াজ, ১ কেজি লবণ, ১ টি লাইফবয়, ১টি হুইল সাবান বিতরণ করা হয়।



## নেত্রকোনা

জনউদ্যোগ নেত্রকোনা স্থানীয় পাবলিক হলের সামনের সড়কে এই সুরক্ষা সামগ্রী বিতরণ কার্যক্রমের আয়োজন করে। জনউদ্যোগ নেত্রকোনার আহবায়ক- লেখক ও সাংবাদিক বীর মুক্তিযোদ্ধা হায়দার জাহান চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে সুরক্ষা সামগ্রী বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন পৌরসভা মেয়র আলহাজ মোঃ নজরুল ইসলাম খান। এ সময় উপস্থিত ছিলেন জনউদ্যোগ নেত্রকোণার ফেলো শ্যামলেন্দু পাল, শিকড় উন্নয়ন কর্মসূচির সভাপতি আ.ফ.ম রফিকুল ইসলাম খানসহ জনউদ্যোগের সদস্যবৃন্দ। জনউদ্যোগ নেত্রকোনার ফেলো শ্যামলেন্দু পাল জানান, করোনা ভাইরাস মোকাবিলায় ২৫০জন অসহায়, দুস্থ ও হত-দরিদ্র মানুষের মাঝে এই সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়।

## শেরপুর

করোনা রোগীদের চিকিৎসা সহায়তায় শেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে ব্যবহারের জন্য জনউদ্যোগ শেরপুর হ্যান্ড স্যানিটাইজার ও গ্লাভস সিভিল সার্জন ডা. একেএম রউফের হাতে তুলে দেন। এ সময় শেরপুর প্রেস ক্লাব সভাপতি মো. শরিফুর রহমান, জনউদ্যোগ আহ্বায়ক আবুল কালাম আজাদ, সদস্য সচিব হাকিম বাবুল, হাসপাতালের আরএমও ডা. মোবারক হোসেন উপস্থিত ছিলেন। এছাড়া পৃথকভাবে ২৫০ পরিবারের মাঝে সুরক্ষা সামগ্রী বিতরণ করে জনউদ্যোগ।

## খুলনা

জনউদ্যোগ, খুলনা ২৫০ পরিবারের মাঝে সুরক্ষা সামগ্রী বিতরণ করে। এসময় আইইডি'র খুলনা ফেলো মহেন্দ্রনাথ সেন ছাড়াও স্থানীয় প্রশাসন ও সুশীল সমাজ সদস্যরা অংশ নেন। অসহায় মানুষের মাঝে সহায়তা হিসেবে সাবান, ডিটার্জেন্ট ও মাস্ক বিতরণ বিতরণ করা হয়।

## ময়মনসিংহ

ময়মনসিংহে এক হাজার অসহায়, দুস্থ ও হত-দরিদ্র মানুষের খাদ্য সহায়তা তুলে দিয়েছে আইইডি। এ উপলক্ষ্যে নগরীর র‌্যালির মোড়ে আয়োজিত অনুষ্ঠানে অতিথি ছিলেন জেলা প্রশাসক মোঃ এনামুল হক। আরও উপস্থিত ছিলেন জনউদ্যোগ আহ্বায়ক নজরুল ইসলাম চুন্নু, মহিলা পরিষদের সভাপতি মনিরা সুলতানা অনু, নারী ফোরামের আহ্বায়ক সৈয়দা সেলিমা আজাদসহ আরও অনেকে। খাদ্য সহায়তা হিসেবে ১০ কেজি চাল, ১ কেজি মসুর ডাল, ১ লিটার সয়াবিন তেল, ২ কেজি আলু, ১ কেজি পেঁয়াজ, ১ কেজি লবণ, ১ টি লাইফবয়, ১টি হুইল সাবান বিতরণ করা হয়।

## নাটোর

নাটোরে ১০০ জন অসহায়, দুস্থ ও হত-দরিদ্র মানুষের খাদ্য সহায়তা প্রদান করেন জেলা প্রশাসক শামীম আহমেদ। এসময় আইইডি'র নাটোর জেলা আইপি ফেলো কালিদাস রায়, জাতীয় আদিবাসী পরিষদ নাটোর সদর উপজেলার সাধারণ সম্পাদক শ্যামলাল তেলী, আদিবাসী যুব পরিষদ নাটোর জেলা শাখার সহ সভাপতি হেমন্ত পাহান, প্রাণী সম্পদ অধিদপ্তর নাটোর সদর উপজেলার ফিল্ড ফ্যাসিলিটেটর গজেন্দ্রনাথ ক্ষত্রিয়, এইচআরডি সদস্য সুজল পাহান, গৌর পাহান প্রমুখ। এসময় ১০০ জন অসহায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষের মাঝে খাদ্য সহায়তা হিসেবে ১০ কেজি চাল, ১ কেজি মসুর ডাল, ১ লিটার সয়াবিন তেল, ২ কেজি আলু, ১ কেজি পেয়াজ, ১ কেজি লবণ, ১ টি লাইফবয়, ১টি হুইল সাবান বিতরণ করা হয়। এসময় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষদেরকে চাকরির সুপারিশ করাসহ জমি দখল, বাড়ি নির্মাণসহ যেকোনো ধরনের সহায়তা প্রদান ও সমস্যা নিরসনের আশ্বাস প্রদান করেন জেলা প্রশাসক শামীম আহমেদ।

একইভাবে রাজশাহীতে, গাইবান্ধায় পৃথক পৃথকভাবে খাদ্য ও সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়।

| | কেন্দ্র এবং জেলা | সুবিধাপ্রাপ্ত পরিবারের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ঢাকা স্লাম | ১২০ | পূর্ণ প্যাকেজ |
| ২ | যশোর কেন্দ্র | ১০০০ | পূর্ণ প্যাকেজ |
| ৩ | ময়মনসিংহ কেন্দ্র | ১০০০ | পূর্ণ প্যাকেজ |
| ৪ | শেরপুর (আইপি) | ১০০ | পূর্ণ প্যাকেজ |
| ৫ | রাজশাহী (আইপি) | ১০০ | পূর্ণ প্যাকেজ |
| ৬ | নাটোর (আইপি) | ২৫০ | পূর্ণ প্যাকেজ |
| ৭ | খুলনা (জনউদ্যোগ) | ২৫০ | হুইল সাবান, লাইফবয় সাবান, মাস্ক, স্বেচ্ছাসেবীদের জন্য জ্যাকেট |
| ৮ | গাইবান্ধা (জনউদ্যোগ) | ২৫০ | হুইল সাবান, লাইফবয় সাবান, মাস্ক, স্বেচ্ছাসেবীদের জন্য জ্যাকেট |
| ৯ | নেত্রকোনা (জনউদ্যোগ) | ২৫০ | হুইল সাবান, লাইফবয় সাবান, মাস্ক, স্বেচ্ছাসেবীদের জন্য জ্যাকেট |
| ১০ | শেরপুর (জনউদ্যোগ) | ২৫০ | হুইল সাবান, লাইফবয় সাবান, মাস্ক, স্বেচ্ছাসেবীদের জন্য জ্যাকেট |
| ১১ | রাজশাহী (জনউদ্যোগ) | ২৫০ | হুইল সাবান, লাইফবয় সাবান, মাস্ক, স্বেচ্ছাসেবীদের জন্য জ্যাকেট |
| | সুবিধাপ্রাপ্ত মোট পরিবারের সংখ্যা | ৩৬৭০ | |



মানসিক স্বাস্থ্য বিকাশে যশোরের পুরষদলের ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে



কুতথ্য প্রতিরোধে ক্যাম্পেইনে ময়মনসিংহ সিটি করপোরেশনের টিসিএস সদস্যরা



যশোরের নওয়াপাড়াতে পুরুষদলের ফুটবল প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণ করছেন আইইডি যশোর কেন্দ্রের ব্যবস্থাপক বীথিকা সরকার



কুতথ্য প্রতিরোধে ময়মনসিংহের বোরাং ট্রেনিং সেন্টারে আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়



করোনাকালে অক্সিজেন সিলিন্ডার হাতে জনউদ্যোগ, যশোরের স্বেচ্ছাসেবকরা



ডিসেম্বরের মাসিক সভায় ময়মনসিংহ সিটি করপোরেশনের টিসিএস সদস্যরা



ময়মনসিংহে ক্রীড়া প্রতিযোগিতায় নারী দল সদস্যরা



ময়মনসিংহে আত্মরক্ষার প্রশিক্ষণ দেওয়া হচ্ছে কিশোরী দল সদস্যদের

# পরিবেশ ও ক্ষমতায়ন

আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র

জুলাই-ডিসেম্বর ২০২১


## শেরপুরে রোকেয়া দিবসে ৭ কৃতী নারীকে জনউদ্যোগ সম্মাননা



আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবস-২০২১ উদযাপন উপলক্ষে শেরপুরে নারী সমাবেশ করেছে জনউদ্যোগ শেরপুর ।

৯ ডিসেম্বর দুপুরে শহরের বটতলা এলাকায় শেরপুর পৌরসভা জাদুঘর চত্বরের মুক্তমঞ্চে অনুষ্ঠিত নারী সমাবেশে জেলার ৭ কৃতী নারীকে 'কীর্তিময়ী নারী সম্মাননা' প্রদান করা হয়েছে ।

সম্মাননাপ্রাপ্ত নারীরা হলেন- স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী বীর মুক্তিযোদ্ধা মঞ্জুশ্রী দাশগুপ্ত, নারী অধিকার আন্দোলনের সংগঠক বাংলাদেশ মহিলা পরিষদ শেরপুর জেলা শাখার সহ-সভানেত্রী মোর্শেদা বেগম, নারীর ক্ষমতায়নে জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান নাছরিন রহমান ফাতেমা, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক সংগঠক জোবায়দা খাতুন, অনপ্রেরণাদায়ী তরুণ নারী জাতীয় পর্যায়ে কারাতে চ্যাম্পিয়ন শানুমা আফরিন মেঘলা, গারো নেত্রী ও সাংস্কৃতিক সংগঠক রবেতা ম্রং, তৃণমুলের অনুপ্রেরণাদায়ী স্বাবলম্বী নারী কৃষানী পারুল বেগম ।

অনুষ্ঠানের শুরুতে সম্মাননাপ্রাপ্ত ৭ কৃতী নারীকে ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেয় নারী রক্তদান সংস্থা ও ফাইট ফর চিলড্রেনস রাইটস সংগঠনের সদস্যরা । পরে তাদের হাতে সম্মাননা স্মারক তুলে দেন এবং গায়ে চাদর জড়িয়ে দেন অতিথিরা । অনুষ্ঠানে সম্মাননাপ্রাপ্ত নারীরা নিজেদের অনুভূতি প্রকাশ করেন এবং বক্তারা তাদের জীবন ও কর্মের বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করেন ।

এ উপলক্ষে সম্মাননাপ্রাপ্তদের সংক্ষিপ্ত জীবনী নিয়ে একটি ভাঁজপত্র প্রকাশ করা হয় । জনউদ্যোগ আহ্বায়ক শিক্ষক আবুল কালাম আজাদ-এর সভাপতিত্বে নারী সমাবেশে অতিথি হিসেবে বক্তব্য রাখেন শেরপুর চেম্বারের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা এম এ মাছু, জেলা মহিলা পরিষদ সভানেত্রী জয়শ্রী দাস লক্ষ্মী, সম্পাদিকা লুৎফুন্নাহার, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান সাবিহা জামান শাপলা, শিক্ষাবিদ অধ্যাপক শিব শংকর, জেলা জাসদ সভাপতি মনিরুল ইসলাম লিটন ।

জনউদ্যোগ সদস্যসচিব হাকিম বাবুল-এর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মাঝে প্রেসক্লাব সভাপতি মেরাজ উদ্দিন, পৌর লেডিস ক্লাব সম্পাদক আঞ্জুমান আলম লিপি, ইউসিবি ব্যাংকের শেরপুর শাখার ব্যবস্থাপক মো. রেজাউল কিবরিয়া, সংস্কৃতি কর্মী কমল চক্রবর্তী, আদিবাসী নেতা মিন্টু বিশ্বাস, হিজড়া নেত্রী জয়িতা নিশি সরকার, এফসিআর সভাপতি ফারাবি জাবিন শায়েরী, নারী রক্তদান সংস্থার নির্বাহী সভাপতি তিথি নন্দী প্রমুখ বক্তব্য রাখেন । অনুষ্ঠানটি আয়োজনে আইইডি এবং জনউদ্যোগ কমিটির সদস্য ও শুভাকাক্ষীরা বিভিন্নভাবে সহযোগিতা করেছেন ।

## রোকেয়া দিবসে যশোরে মোমবাতি প্রজ্জ্বলন



কন্যারা জাগ্রত না হওয়া পর্যন্ত দেশ মাতৃকার মুক্তি অসম্ভব এই প্রতিপাদ্য ধারণ করে আইইডি যশোর কেন্দ্রের উদ্যোগে বেগম রোকেয়া দিবস-২০২১ উপলক্ষে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও মোমবাতি প্রজ্জ্বলন কর্মসূচি পালন করা হয় । ১০ ডিসেম্বর বিকেলে অনুষ্ঠিত আলোচনা সভায় যশোর কেন্দ্রের ব্যবস্থাপক বীথিকা সরকারের সভাপতিত্বে অতিথি ছিলেন যশোর জেলা মহিলা পরিষদ সাধারণ সম্পাদক তন্দ্রা ভট্টাচার্য । আলোচনা সভায় বক্তব্য রাখেন যশোর এনজিও সমন্বয়ক শাহজাহান নান্নু, বাংলাদেশ মহিলা পরিষদ যশোর জেলা কমিটির আইন বিষয়ক সম্পাদক নারী নেত্রী অ্যাড. কামরুন নাহার কনা । আলোচনা সভা শেষে লোক সংগীত পরিবেশন করা হয় । সর্বশেষে কেন্দ্রীয় শহীদ মিনারে মোমবাতি প্রজ্জ্বলনের মধ্য দিয়ে বেগম রোকেয়া দিবসের কর্মসূচি সমাপ্ত হয় ।

## সম্প্রীতি রক্ষায় যশোরে পথ সাংস্কৃতিক অনুষ্ঠান



সাম্প্রদায়িক সম্প্রীতি স্থাপন ও পরিবেশ রক্ষায় ৩০ নভেম্বর মঙ্গলবার বিকেলে যশোরের উপশহর বিরামপুরে পথ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় । জনউদ্যোগ, যশোর এ অনুষ্ঠানের আয়োজন করে ।

এতে উপস্থিত ছিলেন জনউদ্যোগ সদস্য ও নারীনেত্রী অ্যাড.কামরুন নাহার কনা, আইইডি যশোর কেন্দ্রের ব্যবস্থাপক বীথিকা সরকার, জনউদ্যোগ যশোরের সদস্য সচিব কিশোর কুমার কাজল, বিরামপুর কমিউনিটি ফোরামের সভাপতি হান্নান আলী ও সাধারণ সম্পাদক বিল্লাল হোসেন, সদস্য আবুল কাসেম, যুবগ্রুপের সদস্য আলমগীর কবির ।

পথ সাংস্কৃতিক অনুষ্ঠানে শিল্পীরা গানে গানে সাম্প্রদায়িক সম্প্রীতি বজার রাখার জন্য এলাকাবাসীর প্রতি আহবান জানান । একইসঙ্গে বাংলাদেশের ঐতিহ্য ও সম্প্রীতির বিরুদ্ধে সব ষড়যন্ত্র রুখে দাঁড়াতে হবে বলেও উল্লেখ করেন নেতৃবৃন্দ ।

IED
জুলাই-ডিসেম্বর ২০২১

পরিবেশ ও ক্ষমতায়ন
আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র

# কুতথ্য প্রতিরোধে প্রশাসন, জনপ্রতিনিধিদের সংগে যশোরে কর্মশালা




সামাজিক যোগাযোগ মাধ্যমে কুতথ্য ও গুজব প্রতিরোধে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, সাংবাদিক, শিক্ষক, ধর্মীয়, সামাজিক, কমিউনিটি নেতৃবৃন্দের সংগে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি) যশোর কেন্দ্রের আয়োজনে যশোর প্রেসক্লাবে ও কাশিমপুর উচ্চ বিদ্যালয়ে পৃথক দুটি কর্মশালা অনুষ্ঠিত হয়।

যশোর প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত কর্মশালায় প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রফিকুল হাসান। স্বাগত বক্তব্য প্রদান করেন আইইডির কেন্দ্রীয় সমন্বয়কারী জ্যোতি চট্টোপাধ্যায়।

কর্মশালায় উপস্থিত ছিলেন যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ইকবাল কবীর জাহিদ, যশোর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. আহসান হাবীব, যশোর সংবাদপত্র পরিষদের সভাপতি কল্যাণ সম্পাদক একরাম-উদ-দৌলা, সাংবাদিক ও বীর মুক্তিযোদ্ধা রুকুনউদ্দৌলাহ, যশোর প্রেসক্লাব সভাপতি জাহিদ হাসান টুকুন, সাধারণ সম্পাদক এস এম তৌহিদুর রহমান, যশোর পৌরসভার কাউন্সিলর রাজিবুল আলম, জেলা ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান মজনু, যশোর জিলা স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শোয়াইব হোসেন, জেলা গোয়েন্দা শাখার পুলিশ পরিদর্শক শাহিনুর রহমান, বাংলাদেশ হিন্দু, বৌদ্ধ, খ্রীস্টান ঐক্য পরিষদ জেলা কমিটির আহবায়ক জোসেফ সুধীন, পূজা উদযাপন কমিটির সাধারণ সম্পাদক যোগেশ দত্ত, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি সুকুমার দাস, মহিলা পরিষদ নেত্রী এ্যাডভোকেট কামরুন নাহার কণা, কাজী সমিতির নেতা মোশাররফ হোসেন, টিসিএস সদস্য আলমগীর কবীর, আইইডি কেন্দ্রীয় সহকারী সমন্বয়কারী সিয়াম সারোয়ার জামিল, যশোর কেন্দ্রের ব্যবস্থাপক বীথিকা সরকার, প্রোগ্রাম অর্গানাইজার ঋতু সাহা।

## যশোরে নারী নির্যাতন প্রতিরোধপক্ষ পালিত

'নারীর প্রতি সহিংসতা বন্ধ করো এখনই' এই প্রতিপাদ্য ধারণ করে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ-২০২১ উপলক্ষে ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি) যশোর কেন্দ্রের উদ্যোগে ২৫ নভেম্বর মানববন্ধন অনুষ্ঠিত হয়। শহরের বঙ্গবন্ধু ম্যুরালের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

আইইডি যশোর কেন্দ্রের ব্যবস্থাপক বীথিকা সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য রাখেন জেলা সিপিবি সভাপতি ও জনউদ্যোগ সদস্য এ্যাড. আবুল হোসেন, জেলা ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সাধারণ সম্পাদক মাহাবুবুর রহমান মজনু, যশোর এনজিও সমন্বয়ক শাহজাহান নান্নু, জনউদ্যোগ সদস্য এ্যাড. মাসুমা বেগম, নারী মুক্তিসংঘের রোকসানা খাতুন, নারী নির্যাতন প্রতিরোধ নেটওর্য়াকের সাইফুদ্দিন আহম্মেদ, বঞ্চিতা যশোর'র রিটু হোসেন।

মানববন্ধনে সংহতি জ্ঞাপন করেন নারী মুক্তি সংঘ, নারী নির্যাতন প্রতিরোধ নেটওর্য়াক, আমরাই পারি পারিবারিক নির্যাতন প্রতিরোধ জোট, দীপ্তি ফাউন্ডেশন, বঞ্চিতা যশোর, অর্পণ মানব কল্যাণ সংস্থা।

বক্তরা বলেন, নারী নির্যাতনের ঘটনা ও বিচার প্রক্রিয়া দীর্ঘসুত্রতা, অর্থ লেনদেন, রাজনৈতিক ক্ষমতার প্রভাবে দূর্বল জনগোষ্ঠী বিশেষ করে নির্যাতনের শিকার নারী ও শিশুর পরিবার বিচার চাইতে ভয় পান। এজন্য নারী নির্যাতনের বিরুদ্ধে শক্তিশালী সামাজিক আন্দোলন গড়ে তুলতে আহবান জানান নেতৃবৃন্দ।

৬
# পরিবেশ ও ক্ষমতায়ন
আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র
জুলাই-ডিসেম্বর ২০২১

## অদম্য দিনার কথা



দিনা, ময়মনসিংহের আবাসন এলাকার ঋতু নারী দলের একজন সদস্য। পয়ত্রিশ (৩৫) বছর বয়সী এই অদম্য নারী স্বল্প পড়াশোনা; দশম শ্রেণি পর্যন্ত পড়া সত্ত্বেও খুব সাবলীল ভাবে দল পরিচালনার পাশাপাশি চমৎকার নেতৃত্ব দিতে পারেন দলকে।

ভ্যান চালক বাবার অনাগ্রহে ও অসমর্থতার দরুন দিনার বিয়ে হয় মাত্র ১৭ বছর বয়সে। স্বামী নিজেও স্বল্প শিক্ষিত একজন দিন মজুর। দিনা, আইইডি ময়মনসিংহ কেন্দ্রের পাশাপাশি ব্র্যাক ও অন্যান্য এনজিও থেকে সেলাই প্রশিক্ষণ গ্রহণ করে নিজেকে সেলাইয়ে দক্ষ করে তোলেন এবং নিজের এলাকায় ভালোই প্রসার পায় তার সেলাইয়ের কাজ। করোনা মহামারী কালে আইইডি আয়োজিত সেলাই প্রশিক্ষণ থেকে মাস্ক বানানোর প্রশিক্ষণ শেষে তিনি মাস্ক সেলাই করেও অর্থ আয় করেন।

কিন্তু অতিমারী করোনায় দরিদ্রতার ছোবলে অনেক পরিবারই অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এমনকি দিনার পরিবারও পরিত্রাণ পায়নি। কারণ, দিন মজুর স্বামী করোনাকালীন একেবারে ঘরে বসা ছিলেন। কিন্তু সেলাই থেকে প্রাপ্ত অল্প অর্থ দিয়ে  পাঁচ (৫) জনের সংসার চালানো ছিলো  মুশকিল। তবে অদম্য দ্বিনা তখন খুঁজে বের করেন অন্য পথ। নিয়মিত উদ্যোক্তা দলের সভায় উপস্থিত থাকার ফলে জানতেন ভিন্ন ভিন্ন ট্রেড সম্পর্কে। সেই ধারণা থেকেই সেলাই থেকে প্রাপ্ত কিছু অর্থ তিনি জমিয়ে রেখেছিলেন এবং সেই অর্থের সাহায্যে তিনি ঘরের সামনের খোলা অংশে শুরু করেন মুদি দোকানের ব্যবসা।

দোকানে বেচাকেনা কেমন হয়?- জানতে চাইলে দিনা বলেন, "হয় মোটামুটি বালাই, কিন্তু আমার কাছে এহনও এত মালামাল নাই। কিন্তু সামনের মাসে কিছু ট্যাহা হাতে পামু তহন ভাবতাছি পোলাপানের জন্য কিছু কিছু খাবার, যেইরম ধরেন বিভিন্ন ধরনের চিপস, লজেন, পাইপ এইডিও রাখমু দোকানে।" কথার মাঝেই দুই (২) জন ক্রেতা চলে আসায় ব্যস্ত হয়ে পড়েন।

তার এই থেমে না থাকার সাহসকে সাধুবাদ জানিয়ে ফিরে আসার সময় দিনা জানিয়ে দিলেন, তিনি অনেক কারণেই আইইডির কাছে কৃতজ্ঞ। কারণ, আইইডির নিয়মিত দলীয় সভায় অংশগ্রহণের ফলে তার নিজের অনেক জড়তা কেটেছে। এমন ছোট পরিসরেও যে ব্যবসা শুরু করা যায় এটা তিনি জানতেন না। তিনি আশা করেন, আইইডির নিয়মিত সভা থেকে প্রাপ্ত তথ্যগুলো এরকম আরো অনেকের কাজে লাগবে, এবং নিজেদের জীবনমান উন্নত করবে।

## মুক্তির পায়রা সাহিদা

দুরন্ত, হাসি-খুশি মিষ্টি মেয়ে সাহিদা। পাঁচ ভাই-বোনের মধ্যে দ্বিতীয় সাহিদা ছিলেন ময়মনসিংহের হালুয়াঘাটের মেয়ে। প্রথম ও দ্বিতীয় শ্রেনী পর্যন্তই ছিল তার পড়াশুনার গণ্ডি। পেশায় কৃষক বাবার অর্থনৈতিক দৈন্যতার কারণে দ্বিতীয় শ্রেণিতেই ইতি টানেন লেখাপড়ার।

২০০২ সালে মাত্র তেরো বছর বয়সে কিশোরী সাহিদার বিয়ে হয় ইলেকট্রিক্যাল মেকানিক আজহারুল ইসলামের সাথে। বর্তমানে তিনি চার  সন্তানের মা। তার চার সন্তানের মাঝে তিন জনই পড়ালেখা করছে।



স্বামী আজহারুল ইসলামের একার আয়ে সংসার চালানো কষ্টের। তাই সাহিদার ইচ্ছে হয় সে নিজেও কিছু করে টাকা আয় করবে। একসময় আইইডি ময়মনসিংহ কেন্দ্রের  বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে সে জানতে পারে। ময়মনসিংহের কালীবাড়ি এলাকার জবা নারী দলের সদস্য হন এবং আইইডি'র সকল কর্মকাণ্ডের সাথে নিজেকে যুক্ত করেন। নারী দলের সভায় নারীদের অর্থনৈতিকভাবে ক্ষমতায়িত হওয়ার লক্ষ্যে আইইডি বিভিন্ন পরামর্শ দিয়ে থাকে। আইইডি'র কাউন্সিলিং ও পরামর্শে উৎসাহিত হয়ে সাহিদা বেগম অর্থনৈতিকভাবে কিছু করার জন্য দৃঢ় প্রতিজ্ঞ হয় এবং নিজের ইচ্ছের কথা স্বামীর কাছে জানায়।

কবুতর পালনের প্রতি বেশ আগ্রহ ছিল সাহিদার। আর হাতে ছিলো অল্প পুঁজি। এরপর স্বামী আজহারুল ইসলামের  সহযোগিতায় দু'জন মিলে ব্যাপক উৎসাহে  শুরু করেন কবুতর পালন। শুরুতে দশ হাজার টাকা দিয়ে আট জোড়া কবুতর নিয়ে তিনি তার স্বপ্নের যাত্রা শুরু করেন। অল্প সময়ে এখন তার মাসিক গড় আয় দাড়িয়েছে তিন হাজার টাকা। সাহিদা বেগমের স্বামী কাজ শেষে বাড়ি ফিরে কবুতরের যত্ন নেন এবং তার স্ত্রীকে অনেক সহযোগিতা করেন। তাদের ইচ্ছা আরেকটু জায়গা বাড়িয়ে বড় পরিসরে কবুতর পালন শুরু করবেন।

৩২ বছর বয়সী সাহিদা বেগমের সময় কাটে কবুতর পালনের মাধ্যমে। নীল আকাশে যখন কবুতরগুলো ডানা মেলে উড়তে থাকে সাহিদা বেগম স্বস্তির নিশ্বাস ফেলেন।



যশোরে আত্মরক্ষার প্রশিক্ষণ দেয়া হচ্ছে কিশোরী দলসদস্যদের ।




দুস্থ, অসহায়, নিরক্ষর মানুষকে ফ্রিতে টিকা রেজিস্ট্রেশন করে দিতে ক্যাম্প করে (আইইডি) যশোর কেন্দ্র



কুতথ্য প্রতিরোধে যশোরে কাশিমপুরে গ্রুপ সদস্যদের সভা




যশোরে টিসিএস সদস্যদের মাসিক সভা



যশোরে কুতথ্য প্রতিরোধে আঞ্চলিক কর্মশালা



যশোরে নারী নির্যাতন প্রতিরোধ পক্ষে পালিত



কমিউনিটি ফোরামের বৈঠকে যশোরের একটি স্থানীয় কমিউনিটির সদস্যরা ।



ঢাকায় ফোক সেন্টারে যুব আড্ডা

# পরিবেশ ও ক্ষমতায়ন

আইইডি'র ষাণ্মাসিক খবরপত্র

জুলাই-ডিসেম্বর ২০২১


## শেরপুরে বন্য হাতির রক্ষায় মানববন্ধন




শেরপুরে বন্য হাতির অভয়াশ্রম, বৈদ্যুতিক ফাঁদ পেতে হাতি হত্যার প্রতিবাদে ও জীববৈচিত্র্য সুরক্ষার দাবিতে মানববন্ধন করেছে জনউদ্যোগ নামে একটি সংগঠন। ২১ নভেম্বর দুপুরে জেলা প্রশাসকের কার্যালয়ের সমুখে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। এই মানববন্ধন সংগঠনে সহায়তা করে বেসরকারি উন্নয়ন সংস্থা আইইডি। মানববন্ধন শেষে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দেয়া হয়।

মানববন্ধনে বক্তারা শেরপুরের গারো পাহাড়ে ১০ দিনের ব্যবধানে দুটি হাতি মৃত্যুর ঘটনায় উদ্বেগ প্রকাশ করেন এবং বনে হাতিদের অভয়ারণ্য গড়ে তুলে হাতি-মানুষের দ্বন্দ্ব নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জানান। পরে জনউদ্যোগের পক্ষ থেকে জেলা প্রশাসক বরাবর চার দফা দাবি সংবলিত একটি স্মারকলিপি প্রদান করা হয়।

এসব দাবির মধ্যে রয়েছে লোকালয়ে মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিত করা, হাতির চলাচলের স্থানগুলোতে বসবাসকারীদের বনের বাইরে অন্যত্র পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করা, বনভূমিতে অবৈধ দখলদারদের অবিলম্বে উচ্ছেদ করা এবং শেরপুরের বনাঞ্চল বন্য হাতির জন্য সংরক্ষণ ও হাতির জন্য অভয়াশ্রম গড়ে তোলা।

'জনউদ্যোগ' এর শেরপুর জেলার আহ্বায়ক আবুল কালাম আজাদের সভাপতিত্বে মানববন্ধনের বক্তব্য রাখেন জেলা জাসদ সভাপতি মনিরুল ইসলাম লিটন, প্রেমক্লাবের ভারপ্রাপ্ত সভাপতি মলয় মোহন বল, সাবেক সভাপতি রফিকুল ইসলাম আঁধার, উদীচী সভাপতি তপন সারোয়ার, গণমাধ্যমকর্মী ও জনউদ্যোগের সদস্য সচিব হাকিম বাবুল প্রমুখ।

উল্লেখ্য, দুই সপ্তাহের মধ্যেশেরপুর জেলার গারোপাহাড় অধ্যুষিত এলাকা হতে দুইটি হাতির মৃতদেহ উদ্ধার হয়েছে।

বিপরীতে গত এক যুগে শেরপুরের গারো পাহাড় অধ্যুষিত তিনটি উপজেলার গ্রামগুলিতে বন্য হাতির তাণ্ডবে নিহত হয়েছেন প্রায় একশ'র কাছাকাছি মানুষ। পঙ্গু হয়েছেন অনেকে। ঘরবাড়ি, ক্ষেতের ফসল, সব্জি ও ফলের বাগান প্রতিনিয়ত ধ্বংস হচ্ছে হাতির তাণ্ডবে। কিছু এলাকা থেকে মানুষ বাধ্য হয়েই তাদের বসতি গুটিয়ে নিয়েছেন। অনেক গ্রামই হাতির অত্যাচারে মানুষশূন্য হয়ে পড়েছে। এসব এলাকার মানুষ প্রতিনিয়ত প্রশাসনের কাছে তাদের রক্ষার দাবি জানিয়ে এসেছে। কিন্তু এখন পর্যন্ত মানুষের জানমাল রক্ষায় তেমন কার্যকর কোনো উদ্যোগ চোখে পড়েনি।


সম্পাদক : নুমান আহম্মদ খান

**ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট (আইইডি) কর্তৃক**

**কল্পনা সুন্দর, ১৩/১৪ বাবর রোড (৩য় তলা), ব্লক বি, মোহাম্মদপুর হাউজিং এস্টেট, ঢাকা ১২০৭ থেকে প্রকাশিত ও প্রচারিত এবং চিত্রকল্প থেকে মুদ্রিত।**

ফোন: (৮৮০-২) ৫৮১৫১০৪৮, ই-মেইল : ieddhaka@gmail.com ওয়েব: www.iedbd.org